**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## কোভিড-19 এর বিরুদ্ধে স্টেটের লড়াইয়ে অগ্রগতি সম্পর্কে গভর্নর হোকল ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেন

***গভর্নর নিউ ইয়র্কবাসীদের COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষিত থাকা ও চিকিৎসা করানোর জন্য সরঞ্জামগুলোর ব্যবহার অব্যাহত রাখতে উৎসাহিত করেছেন: টিকা, বুস্টার, পরীক্ষা ও চিকিৎসা***

***4ঠা নভেম্বরে স্টেট ব্যাপী 21 জনের মৃত্যু হয়েছে বলে রিপোর্ট করা হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজ কোভিড-19 এর সাথে লড়াই করার ক্ষেত্রে স্টেটের অগ্রগতি সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের আপডেট দিয়েছেন।

"আমি নিউ ইয়র্কবাসীদের প্রতি নিজেদেরকে, তাদের প্রিয়জনদেরকে, এবং তাদের কমিউনিটিকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য এই নভেম্বর মাসে সতর্ক থাকতে এবং লভ্য সব হাতিয়ার ব্যবহার করতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "টিকার ডোজগুলো নিয়ে হালনাগাদ থাকা নিশ্চিত করুন, এবং সমাবেশ বা ভ্রমণ করার আগে পরীক্ষা করুন। যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে চিকিৎসার সম্ভাব্য অপশনগুলো সম্পর্কে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।"

গত সপ্তাহে, গভর্নর হোকল একটি নতুন জনসচেতনতামূলক প্রচারাভিযান চালু করেছেন যাতে রয়েছে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডা. ম্যারি টি. ব্যাসেট নিউ ইয়র্কবাসীদেরকে সরাসরি তিনটি ভাইরাসের কথা জানাচ্ছেন, রেস্পিরেটরি সিনসিশিয়াল ভাইরাস (Respiratory Syncytial Virus, RSV), ফ্লু এবং কোভিড-19, যা এখন একই ধরনের লক্ষণ নিয়ে ছড়িয়ে পড়ছে এবং যা মারাত্মক অসুস্থতার কারণ হতে পারে। নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) কর্তৃক তৈরিকৃত, ভিডিওগুলোর মধ্যে রয়েছে পিতামাতার উদ্দেশ্যে বানানো একটি ছোট ক্লিপ এবং একটি দীর্ঘতর সংস্করণ এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের উদ্দেশ্যে বিশেষভাবে বানানো একটি সংস্করণ।

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের আরও মনে করিয়ে দেন যে 5 বছর এবং তার বেশি বয়সী শিশুরা এখন বাইভ্যালেন্ট বুস্টার শট নিতে পারবে যা কোভিড-19 এর বিরুদ্ধে সুরক্ষা বৃদ্ধি করার জন্য সুপারিশ করা হয়।

এছাড়াও গভর্নর নিউ ইয়র্কবাসীদের বাইভ্যালেন্ট কোভিড-19 এর টিকার বুস্টার ডোজ গ্রহণেরও উৎসাহ দেন। বুস্টারের জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে, নিউ ইয়র্কবাসীরা তাদের স্থানীয় ফার্মেসি, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, বা স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা উচিত; কাছাকাছি অবস্থানগুলো খুঁজতে vaccines.gov ওয়েবসাইটে যান; জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করুন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করুন।

উপরন্তু, গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের ফ্লু মৌসুম শুরুর হওয়ার সাথে ফ্লুয়ের টিকা নেওয়ার কথা স্মরণ করিয়ে দেন যেহেতু, নিউ ইয়র্ক স্টেট জুড়ে ফ্লু সিজন ছড়িয়ে পড়েছে। ফ্লু ভাইরাস ও কোভিড-19 সৃষ্টিকারী ভাইরাস উভয়ই ছড়িয়ে পড়ছে, তাই সুস্থ থাকার জন্য এবং স্বাস্থ্যসেবা ব্যবস্থার ওপর অতিরিক্ত চাপ এড়াতে উভয়ের বিরুদ্ধে টিকা নেওয়াই সেরা উপায়।

স্টেটের স্বাস্থ্য বিভাগ বার্ষিক জনশিক্ষা ক্যাম্পেইন অব্যাহত রেখেছে, প্রাপ্ত বয়স্কদের নিজেদের এবং 6 মাসের বেশি বয়সী শিশুদের ফ্লু এবং কোভিড-19 টিকা দেওয়ার কথা স্মরণ করিয়ে দেওয়ার জন্য। ইংরেজি এবং স্প্যানিশ উভয় ভাষায় বিজ্ঞাপন গত মাসে চালু হয়েছে।

ফ্লু-এর টিকা গ্রহণের ক্লিনিকগুলো সম্পর্কে তথ্যের জন্য, স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন অথবা ভিজিট করুন vaccines.gov/find-vaccines/।

আজকের ডাটা সংক্ষেপে নিচে তুলে ধরা হলো:

1. **প্রতি 100 হাজারে কেসের সংখ্যা** - 15.71
2. **প্রতি 100 হাজারে 7 দিনের গড় কেসের সংখ্যা** - 20.53
3. **যতগুলি পরীক্ষার ফলাফল জানানো হয়েছে** - 41,661
4. **মোট ইতিবাচক** - 3,070
5. **পজিটিভের শতকরা হার** - 6.57%**
6. **7-দিনে পজিটিভের গড় শতকরা হার** - 5.88%**
7. **হাসপাতালে ভর্তি রোগী** - 2,804 (+0)*
8. **নতুন ভর্তি হওয়া রোগী** - 453*
9. **ICU-তে থাকা রোগী** - 288 (-15)*
10. **ICU-তে ইনটিউবেশনসহ রোগী** - 87 (-15)*
11. **মোট ছাড়া পেয়েছেন** - 358,728 (+412)*
12. **স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলির দ্বারা HERDS এর মাধ্যমে রিপোর্টকৃত নতুন মৃত্যু** - 21*
13. **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্ট করা মোট মৃত্যু** - 58,924 *

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (Department of Health and Human Services, HHS) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য

কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়। হেলথ ইলেক্ট্রনিক রেসপন্স ডাটা সিস্টেম (Health Electronic Response Data System) হলো NYS DOH-এর ডাটা সংগ্রহের একটি উৎস যা শুধু হাসপাতাল, নার্সিং হোম ও প্রাপ্তবয়স্কদের পরিচর্যা কেন্দ্রগুলো থেকে রিপোর্টকৃত দৈনিক সুনিশ্চিত মৃত্যুর ডাটা সংগ্রহ করে।

**গুরুত্বপূর্ণ টীকা:** সোমবার, 4 এপ্রিল থেকে ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (HHS) কোভিড-19 র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা পদ্ধতি ব্যবহার করছে এমন পরীক্ষা কেন্দ্রগুলোর জন্য নেগেটিভ ফলাফল সম্পর্কে রিপোর্ট করার বাধ্যবাধকতা তুলে নেওয়ার বিষয়টি কার্যকর করেছে। এর ফলে, নিউ ইয়র্ক স্টেটের শতকরা পজিটিভ ফলাফলের মেট্রিক্স শুধু ল্যাবের রিপোর্ট করা PCR ফলাফলগুলো ব্যবহার করে হিসেব করা হবে। ইতিবাচক অ্যান্টিজেন পরীক্ষা তাও নিউ ইয়র্ক স্টেটকে রিপোর্ট করা হবে এবং নতুন দৈনিক কেস এবং প্রতি 100 হাজার কেসের রিপোর্টে PCR এবং অ্যান্টিজেন পরীক্ষাগুলি অন্তর্ভুক্ত করা অব্যাহত রাখা হবে। এই পরিবর্তন এবং পরীক্ষা করার রীতি পরিবর্তন হওয়া সহ অন্যান্য বিষয়ের কারণে, কোনো কমিউনিটির উপর ভাইরাসের প্রভাব পরিমাপের জন্য সবচেয়ে নির্ভরযোগ্য মেট্রিক হলো প্রতি 100,000 এর মধ্যে কেসের সংখ্যার ডাটা - শতকরা পজিটিভ ফলাফল নয়।

- **CDC-এর মাধ্যমে রিপোর্ট করা ও সংকলিত মোট মৃত্যু** - 75,220

NYS DOH ও NYC দ্বারা CDC-এর কাছে রিপোর্টকৃত এই দৈনিক কোভিড-19 এর সাময়িক ডেথ সার্টিফিকেটের তথ্যে হাসপাতাল, নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের সেবাসদন, বাড়ি, হসপিস ও অন্যান্য স্থানগুলি সহ যেকোনো স্থানে মারা যাওয়া ব্যক্তিরা অন্তর্ভুক্ত আছেন।

প্রতি 100K জনসংখ্যার প্রতিটি অঞ্চলের 7-দিনের কেসের গড় নিম্নরূপ:

| **অঞ্চল** | **শুক্রবার, 4ঠা নভেম্বর, 2022** | **শনিবার, 5ই নভেম্বর, 2022** | **রবিবার, 6ই নভেম্বর, 2022** |
|---|---|---|---|
| Capital Region | 15.26 | 15.55 | 14.92 |
| Central New York | 11.61 | 11.85 | 11.75 |
| Finger Lakes | 11.85 | 12.07 | 12.21 |
| Long Island | 23.58 | 23.82 | 24.19 |
| Mid-Hudson | 18.97 | 19.43 | 19.78 |
| Mohawk Valley | 14.16 | 14.22 | 14.13 |
| New York City | 23.23 | 23.72 | 24.23 |

| | | | |
|---|---|---|---|
| North Country | 14.25 | 14.93 | 14.87 |
| Southern Tier | 17.72 | 17.51 | 17.74 |
| Western New York | 13.42 | 13.37 | 13.57 |
| **স্টেট ব্যাপী** | **19.88** | **20.23** | **20.53** |

গত তিন দিনে রিপোর্ট করা প্রত্যেক অঞ্চলের 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে**:

| **অঞ্চল** | **শুক্রবার, 4ঠা নভেম্বর, 2022** | **শনিবার, 5ই নভেম্বর, 2022** | **রবিবার, 6ই নভেম্বর, 2022** |
|---|---|---|---|
| Capital Region | 6.68% | 6.60% | 6.59% |
| Central New York | 5.40% | 5.40% | 5.34% |
| Finger Lakes | 5.59% | 5.50% | 5.52% |
| Long Island | 6.07% | 5.95% | 5.94% |
| Mid-Hudson | 5.82% | 5.82% | 5.87% |
| Mohawk Valley | 6.67% | 6.65% | 6.48% |
| New York City | 5.58% | 5.56% | 5.58% |
| North Country | 6.96% | 7.17% | 7.07% |
| Southern Tier | 7.24% | 7.15% | 7.19% |
| Western New York | 8.25% | 8.06% | 8.03% |
| **স্টেট ব্যাপী** | **5.92%** | **5.88%** | **5.88%** |

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (HHS) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

গত তিন দিনে রিপোর্ট করা প্রতিটি নিউ ইয়র্ক সিটি বরোর 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে **:

| **NYC এর বরো** | **শুক্রবার, 4ঠা নভেম্বর, 2022** | **শনিবার, 5ই নভেম্বর, 2022** | **রবিবার, 6ই নভেম্বর, 2022** |
|---|---|---|---|
| Bronx | 6.57% | 6.54% | 6.52% |
| Kings | 4.27% | 4.34% | 4.43% |

| | | | |
|---|---|---|---|
| New York | 6.01% | 5.79% | 5.78% |
| Queens | 6.75% | 6.82% | 6.77% |
| Richmond | 5.57% | 5.48% | 5.45% |

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (HHS) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

গতকাল, নিউ ইয়র্ক স্টেটে 3,070 জন নিউ ইয়র্কবাসী কোভিড-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল পেয়েছেন, যা মোট আক্রান্তের সংখ্যাকে 6,192,173 জনে উন্নীত করেছে। একটি ভৌগলিক বিশ্লেষণ নিম্নরূপ:

| কাউন্টি | মোট পজিটিভ | নতুন পজিটিভ |
|---|---|---|
| Albany | 74,993 | 31 |
| Allegany | 10,345 | 3 |
| Broome | 55,879 | 14 |
| Cattaraugus | 18,550 | 3 |
| Cayuga | 19,526 | 5 |
| Chautauqua | 28,272 | 5 |
| Chemung | 25,504 | 18 |
| Chenango | 11,305 | 6 |
| Clinton | 21,362 | 6 |
| Columbia | 12,990 | 6 |
| Cortland | 12,763 | 5 |
| Delaware | 9,624 | 4 |
| Dutchess | 79,183 | 43 |
| Erie | 257,827 | 95 |
| Essex | 7,275 | 6 |
| Franklin | 11,620 | 2 |
| Fulton | 15,851 | 3 |
| Genesee | 15,944 | 9 |
| Greene | 10,344 | 1 |
| Hamilton | 1,046 | - |
| Herkimer | 16,781 | 3 |
| Jefferson | 25,423 | 19 |
| Lewis | 7,048 | 1 |
| Livingston | 13,792 | 5 |

| | | |
|---|---|---|
| Madison | 16,154 | 7 |
| Monroe | 183,129 | 74 |
| Montgomery | 14,406 | 6 |
| Nassau | 509,913 | 299 |
| Niagara | 57,280 | 7 |
| NYC | 2,876,224 | 1,606 |
| Oneida | 66,111 | 27 |
| Onondaga | 137,095 | 41 |
| Ontario | 24,805 | 12 |
| Orange | 130,096 | 60 |
| Orleans | 10,097 | 1 |
| Oswego | 33,098 | 10 |
| Otsego | 12,666 | 5 |
| Putnam | 29,410 | 22 |
| Rensselaer | 39,904 | 26 |
| Rockland | 111,176 | 55 |
| Saratoga | 58,672 | 30 |
| Schenectady | 41,646 | 19 |
| Schoharie | 6,268 | - |
| Schuyler | 4,191 | 1 |
| Seneca | 7,281 | 7 |
| St. Lawrence | 25,429 | 6 |
| Steuben | 24,201 | 12 |
| Suffolk | 527,383 | 250 |
| Sullivan | 22,937 | 8 |
| Tioga | 13,413 | 3 |
| Tompkins | 25,322 | 5 |
| Ulster | 40,410 | 20 |
| Warren | 17,854 | 6 |
| Washington | 14,961 | 3 |
| Wayne | 20,891 | 5 |
| Westchester | 312,616 | 140 |
| Wyoming | 9,635 | 3 |
| Yates | 4,252 | 1 |

নিচের তথ্য হাসপাতালে ভর্তি রোগীদের মধ্যে কোভিড-19 এর পরীক্ষায় পজিটিভ হওয়া রোগীদের মধ্যে কতজন কোভিড-19/কোভিড-19 সংক্রান্ত জটিলতার কারণে হাসপাতালে ভরি

হয়েছেন এবং কতজন কোভিড-19 ব্যতীত অন্য কারণে ভর্তি হয়েছেন তাদের সংখ্যা প্রকাশ করে:

| **অঞ্চল** | **বর্তমানে হাসপাতালে ভর্তি কোভিড-19 রোগীর সংখ্যা** | **কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি** | **কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি রোগীর শতাংশ** | **যেসব রোগী ভর্তির সময়ে ভর্তির কারণ হিসাবে কোভিড উল্লেখ ছিল না** | **যেসব রোগী ভর্তির সময়ে ভর্তির কারণ হিসাবে কোভিড উল্লেখ ছিল না তাদের শতাংশ** |
|---|---:|---:|---:|---:|---:|
| Capital Region | 139 | 80 | 57.6% | 59 | 42.4% |
| Central New York | 111 | 54 | 48.6% | 57 | 51.4% |
| Finger Lakes | 293 | 76 | 25.9% | 217 | 74.1% |
| Long Island | 439 | 203 | 46.2% | 236 | 53.8% |
| Mid-Hudson | 318 | 120 | 37.7% | 198 | 62.3% |
| Mohawk Valley | 49 | 33 | 67.3% | 16 | 32.7% |
| New York City | 1,149 | 445 | 38.7% | 704 | 61.3% |
| North Country | 68 | 22 | 32.4% | 46 | 67.6% |
| Southern Tier | 94 | 30 | 31.9% | 64 | 68.1% |
| Western New York | 144 | 67 | 46.5% | 77 | 53.5% |
| **স্টেট ব্যাপী** | **2,804** | **1,130** | **40.3%** | **1,674** | **59.7%** |

ওমিক্রন ভ্যারিয়েন্ট বর্তমানে সংক্রমণরত ভাইরাসের 95% এর প্রতিনিধিত্ব করে। ভ্যারিয়েন্ট ট্র্যাকিং সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এখানে ভিজিট করুন: [কোভিড-19 ভ্যারিয়েন্ট সংক্রান্ত ডাটা | স্বাস্থ্য দপ্তর (Department of Health (ny.gov)।](https://ny.gov)

শুক্রবার, 4ঠা নভেম্বর, কোভিড-19 এর কারণে নতুন মোট 21টি মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে, যা মোট মৃত্যুর সংখ্যাকে 58,924 জনে উন্নীত করেছে৷ বসবাসের কাউন্টি অনুসারে, নিচে ভৌগলিক ভিত্তিতে ভেঙে দেখানো হয়েছে:

| **কাউন্টি** | **নতুন মৃত্যু** |
|---|---:|
| Bronx | 1 |
| Broome | 1 |
| Dutchess | 2 |
| Erie | 1 |
| Kings | 1 |
| Monroe | 1 |
| Nassau | 4 |
| Niagara | 1 |
| Onondaga | 1 |
| Queens | 3 |
| Richmond | 1 |
| St. Lawrence | 1 |
| Suffolk | 1 |
| Westchester | 1 |
| Yates | 1 |
| **সর্বমোট** | **21** |

*গুরুত্বপূর্ণ টিকা: স্বাস্থ্য পরিচর্যা ফেসিলিটিগুলি থেকে সপ্তাহান্তে বা ছুটির দিনে HERDS এর তথ্য সংগ্রহ বর্তমানে আর প্রয়োজনীয় নয়। আজ থেকে সমীক্ষাটি পুনরায় শুরু হবে এবং ফ্যাসিলিটি/মৃত্যুর ডাটা আগামীকালের রিপোর্টে দেখানো হবে। তারকাচিহ্নিত সংখ্যাগুলি শুক্রবার, 4ঠা নভেম্বর রিপোর্ট করা হয়েছে৷*

যেসব নিউ ইয়র্কবাসী 5-11 বছর বয়সী শিশুদের জন্য টিকার অ্যাপয়েন্টমেন্ট নিতে চান তাদেরকে তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলভাবে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers, FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র, বা যেসব ফার্মেসি এই বয়সদলের জন্য টিকাদান কার্যক্রম পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। কাছাকাছি কেন্দ্রগুলো খুঁজে নিতে পিতামাতা ও অভিভাবকরা [vaccines.gov](https://vaccines.gov) ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করতে পারেন অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। নিশ্চিত করুন যে

প্রোভাইডার ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে, যেহেতু এই বয়স দলের জন্য অন্য কোভিড-19 টিকা এখনো অনুমোদিত নয়।

বিশেষভাবে এই বয়সী শিশুদের পিতামাতা ও অভিভাবকদের জন্য নতুন তথ্য, বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি ও উত্তর, ও তথ্যসূত্রের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418